রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, জানুয়ারি ৯, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ২৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/ ০৯ জানুয়ারি ২০২৫ খ্রিষ্টাব্দ

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০৬.০০৮.২৪.০৬—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার **'খাদ্য পরিকল্পনা ও পরিধারণ কমিটি (এফপিএমসি)'** নিম্নরূপে পুনর্গঠন করেছে:

১.১। **কমিটির গঠন:**

| | | | |
|---|---|---|---|
| ১) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় | : | সভাপতি |
| ২) | উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ৩) | উপদেষ্টা, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| ৪) | উপদেষ্টা, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ৫) | উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : | সদস্য |
| ৬) | উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৭) | উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৮) | উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ৯) | উপদেষ্টা, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |


**মূল্য :** টাকা ৪·০০

| | | | |
|---|---|---|---|
| ১০) | মন্ত্রিপরিষদ সচিব | : | সদস্য |
| ১১) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১২) | সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৩) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৪) | সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ | : | সদস্য |
| ১৫) | সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৬) | সচিব, কৃষি মন্ত্রণালয় | : | সদস্য |
| ১৭) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| ১৮) | সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ | : | সদস্য |
| ১৯) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| ২০) | সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ | : | সদস্য |
| ২১) | মহাপরিচালক, খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ), খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

১.২। এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.৩। **কমিটির কার্যপরিধি:**

১) কমিটি সার্বিক খাদ্য পরিস্থিতির উপর নিয়মিত নজর রাখবে;

২) কমিটি খাদ্যশস্য উৎপাদনের পরিসংখ্যান, খাদ্যশস্যের চাহিদা নিরূপণ, খাদ্যশস্যের মজুত, সামগ্রিক খাদ্য ব্যবস্থাপনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা এবং খাদ্য সম্পর্কীয় অন্যান্য বিষয় পর্যালোচনা করে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সরকারকে পরামর্শ প্রদান করবে;

৩) পুষ্টিকর স্বাস্থ্যসম্মত খাদ্যের নিশ্চয়তা বিধানকল্পে বাস্তব পরিস্থিতি পর্যালোচনা করে সরকারকে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে; এবং

৪) জনগণের নিরাপদ খাদ্যের চাহিদা বিবেচনায় রেখে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকল্পে প্রয়োজনীয় দিক নির্দেশনা ও পরামর্শ প্রদান করবে।

১.৪। কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। কমিটির সভা প্রয়োজনানুসারে অনুষ্ঠিত হবে।

১.৬। খাদ্য মন্ত্রণালয়ের আওতাধীন খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিএমইউ) এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

১.৭। এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ০৪ সেপ্টেম্বর ২০২৪ তারিখের ০৪.০০.০০০০. ৬১১.০৬.০০৪.২৪.১৫৫; নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(বেবী পারভীন)
যুগ্মসচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ২২৩৩৯০৯৬৩
e-mail: js_economic@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব) বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd